বিসমিল্লাহির রাহমানির রাহিম

# ভর্তি নির্দেশিকা

- কায়দা
- আমপারা
- নুরানী বিভাগ
- নাযেরা বিভাগ
- হিফ্য বিভাগ
- শুনানী বিভাগ
- প্রি-প্লে-৫ম শ্রেণী
- জেনারেল বিভাগ

AD-DEEN SCHOLARS' ACADEMY

আবাসিক
অনাবাসিক
ডে-কেয়ার

# الدين سكولارس أكاديمية

# আদ্-দ্বীন স্কলারস একাডেমী

# AD-DEEN SCHOLARS' ACADEMY

*Building a generation of wisdom and ethics*

House-72, Road-06, Block-A, Section-12, Pallabi, Dhaka-1216 +88 01345 411161 addin.academy@gmail.com

# মাদ্রাসা পরিচিতি ও আমাদের কথা

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা মানবজাতির জন্য সর্বশ্রেষ্ঠ নিয়ামত হিসেবে দান করেছেন মহাগ্রন্থ আল-কুরআন, যা একদিকে মানবজাতির হেদায়েত ও জীবনদিশা, অপরদিকে ন্যায়, ইনসাফ, শান্তি ও মানবকল্যাণ প্রতিষ্ঠার এক পরিপূর্ণ জীবনবিধান। এই মহাগ্রন্থকে হৃদয়ে ধারণ ও সংরক্ষণের জন্য যেমন প্রয়োজন কুরআনকে অর্থসহ হিফয করা, তেমনি প্রয়োজন কুরআনের আলোকে আধুনিক ও ইসলামী শিক্ষার সমন্বয়ে একটি আদর্শ শিক্ষাব্যবস্থা।

আদ্-দ্বীন স্কলারস একাডেমি সেই লক্ষ্যেই কাজ করে যাচ্ছে–যেখানে দেশের সর্বাধুনিক ও গবেষণালব্ধ সেরা পাঠদান পদ্ধতির আলোকে পরিচালিত হবে। যেখানে একসাথে চলবে দ্বীনি শিক্ষার পাশাপাশি আধুনিক বিজ্ঞানভিত্তিক শিক্ষা, এবং চরিত্র গঠনের সমন্বিত পাঠ্যক্রম। মহান রব্বুল আলামীনের অশেষ মেহেরবানিতে, আমরা যারা জীবনের সকল ক্ষেত্রে ইসলামের অনুশাসন মেনে চলতে চাই– এমন অনেকের আন্তরিক প্রচেষ্টায় আদ্-দ্বীন স্কলারস একাডেমীর পথচলা শুরু হয়েছে, আলহামদুলিল্লাহ্। আমরা বিশ্বাস করি, প্রতিটি শিশুই আল্লাহ প্রদত্ত অনন্য প্রতিভা ও সম্ভাবনার অধিকারী। কোমলমতি এ সকল শিশুদের সঠিক তত্ত্বাবধান ও পরিচর্চার মাধ্যমে তাদের এই সম্ভাবনাকে বিকশিত করে যুগোপযোগী, নৈতিক ও নেতৃত্বগুণে সমৃদ্ধ আদর্শ মানুষ হিসেবে গড়ে তোলাই আমাদের লক্ষ্য। আগামীতে নিজস্ব ক্যাম্পাসে এবং পাঠ্যক্রম পর্যায়ক্রমে দ্বাদশ শ্রেণী পর্যন্ত উন্নীত করা হবে ইনশা-আল্লাহ।

আদ্-দ্বীন স্কলারস একাডেমীকে মহান রাব্বুল আ'লামীন কবুল করুন, বরকতময় করুন ও সফলতা দান করুন–আমীন।

প্রতিষ্ঠানের লক্ষ্যঃ-

দুনিয়া ও আখেরাতে সফলতা অর্জনে নৈতিক মূল্যবোধ সম্পন্ন প্রজন্ম গড়ে তোলা, যারা কুরআন ও সুন্নাহর আলোকে ব্যক্তিগত, সামাজিক এবং বৈশ্বিক পর্যায়ে আদর্শ জীবন গঠনে ও নেতৃত্ব দানে সক্ষম হবে।

## প্রতিষ্ঠানের ধরন

- প্রতিষ্ঠানটি হবে পরিপূর্ণভাবে শিক্ষা মূলক ও গবেষণাধর্মী;
- মাদ্রাসা শিক্ষা বোর্ডের কারিকুলাম এর সাথে আধুনিক জ্ঞান-বিজ্ঞানের সমন্বয় করে এবং পরবর্তীতে মাদানী নেসাব অন্তর্ভুক্ত করা হবে;
- আরবি ও ইংরেজি ভাষা এবং তথ্যপ্রযুক্তি শিক্ষা প্রয়োগের ব্যবস্থা থাকবে;
- ইসলামী শিক্ষা ও সংস্কৃতির সাথে দেশীয় ও আন্তর্জাতিক শিক্ষা ও সংস্কৃতির সমন্বয় করা হবে;

## আমাদের বৈশিষ্ট্যসমূহ

- প্রতিটি ক্লাস ও আবাসিক রুম শীতাতপ নিয়ন্ত্রিত হবে;
- ছাত্র-ছাত্রীদের বহনের জন্য রয়েছে নিজস্ব পরিবহন ব্যবস্থা;
- দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষাবৃত্তির ব্যবস্থা;
- ছাত্র-ছাত্রীদের প্রয়োজনে আবাসিক, অনাবাসিক ও ডে-কেয়ারের ব্যবস্থা;
- প্রত্যেক ছাত্র-ছাত্রীদের আলাদাভাবে মূল্যায়ন করে প্রতিভার বিকাশ সাধন করা হবে;
- ক্লাস ফাইভ এর মধ্যে কুরআনের হিফয সম্পন্ন করানো হবে;

- সকল ছাত্র-ছাত্রীদের ইসলামের মৌলিক জ্ঞানসহ নামাজ, দৈনন্দিন দোয়া ও জিকির এবং কুরআন-হাদিসের উল্লেখযোগ্য অংশ অর্থ সহ হিফয করানো হবে;
- শিক্ষার্থীদের সার্বিক নিরাপত্তা ও ক্লাস মনিটরিং এর জন্য প্রয়োজনীয় গার্ড ও সিসি ক্যামেরার ব্যবস্থা;
- ক্লাসের পড়া ক্লাসেই মুখস্ত করানো হবে তাই কোন প্রাইভেট টিউটরের প্রয়োজন হবে না;
- খ্যাতিমান হাফেয ও ক্বারীদের সরাসরি ও অডিও ভিডিওর মাধ্যমে মশকের ব্যবস্থা;
- হাফেযদের ই'য়াদ ধরে রাখার জন্য নিয়মিত তাসমি বা শুনানীর করা হবে;
- শিক্ষার মান-উন্নয়নে নিয়মিত অভিভাবকদের সাথে মতবিনিময় করা;
- নিয়মিত C.T/M.T এর মাধ্যমে শিক্ষার মানউন্নয়ন;
- হাতের লেখা সুন্দর হওয়ার নিশ্চয়তা;
- প্রশিক্ষণপ্রাপ্ত ও যোগ্যতা সম্পন্ন শিক্ষক মন্ডলী দ্বারা শিক্ষার মান নিশ্চিত করা হবে;
- শারীরিক, মানসিক ও সৃষ্টিশীল উৎকর্ষ নিশ্চিত করতে শরিয়াহ সম্মত খেলাধুলা, নাশিদ, বিতর্ক, ইসলামিক ক্যালিওগ্রাফি এবং বিভিন্ন সৃজনশীল অতিরিক্ত কার্যক্রমে ছাত্র-ছাত্রীদের দক্ষ ও আত্মবিশ্বাসী হিসেবে গড়ে তোলা হবে;
- বার্ষিক ভ্রমণ/পিকনিক/শিক্ষা সফর ইত্যাদি;
- গ্রেডিং পদ্ধতিতে মূল্যায়ন করা হবে;
- দৈনন্দিন পড়ালেখা তত্ত্বাবধানের জন্য একাডেমিক ডায়েরী সংরক্ষণ;

## আমাদের টার্গেট

- শিশু-কিশোরদের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটানো;
- শ্রেষ্ঠ ও আন্তর্জাতিক মানের হাফিযুল কুরআন তৈরী;
- ৫ম শ্রেণির মধ্যেই হিফয সম্পন্ন হবে, ইনশাআল্লাহ;
- জাতীয় ও আন্তর্জাতিক ক্বিরাত প্রতিযোগিতায় অংশগ্রহণ;
- ইসলামিক মিডিয়া ব্যক্তিত্ব তৈরী;
- ইলম ও আমলে সমৃদ্ধ আলেম গড়ে তোলা;

## সমন্বিত বিভাগ ও ক্লাস সমূহ

| | |
|---|---|
| প্রি-হিফয বিভাগ | প্রি-প্লে, প্লে, নার্সারী ও ১ম শ্রেণি |
| নাযেরা বিভাগ | ২য় শ্রেণি |
| হিফয বিভাগ | ৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণি |
| জেনারেল বিভাগ | ৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণি |

## বিশেষ বিভাগসমূহ

| | |
|---|---|
| কায়দা+আমপারা বিভাগ | নার্সারী+১ম শ্রেণি (স্পেশাল ১ম) |
| **নাযেরা বিভাগ** (কায়েদা+আমপারা+নাযেরা) | **স্পেশাল ২য়** (নার্সারী+১ম শ্রেণি+২য়া শ্রেণি) |

## বয়স ভিত্তিক ক্লাস প্লান

| | | |
|---|---|---|
| হরফ লিখন ও পরিচিতি | প্রি-প্লে | ৩.৫ বছর থেকে ৪ বছরের মধ্যে |
| | প্লে ক্লাস | ৪ বছর থেকে ৫ বছরের মধ্যে |
| কায়দা বিভাগ | নার্সারী | ৫ বছর থেকে ৬ বছরের মধ্যে |
| আমপারা বিভাগ | ১ম শ্রেণি | ৬ বছর থেকে ৭ বছরের মধ্যে |
| নাযেরা বিভাগ | ২য় শ্রেণি | ৭ বছর থেকে ৮ বছরের মধ্যে |
| হিফয বিভাগ | ৩য় শ্রেণি | ৮ বছর থেকে ১১ বছরের মধ্যে |
| | ৪র্থ শ্রেণি | |
| | ৫ম শ্রেণি | |

**বিঃ দ্রঃ- নূরানী বিভাগে নূরানী পাঠদান পদ্ধতির অনুসরণ করা হয়।**

## পাঠ্যবই ও সিলেবাস

- প্রি-প্লে ক্লাস থেকে ২য় শ্রেণি পর্যন্ত নিজস্ব বই ও সিলেবাসের অনুসরণ;
- ৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের বই;
- হিফয বিভাগে বাংলাদেশ কওমী মাদ্রাসা শিক্ষা বোর্ড বেফাক সহ হুফফাজুল কুরআন ফাউন্ডেশন বাংলাদেশ ও আন্তর্জাতিক পদ্ধতির অনুসরণ;
- আন্তর্জাতিক ক্বারীদের তিলাওয়াত অনুসরণে ক্বিরাত প্রতিযোগিতার জন্য প্রস্তুতকরণ;

## আমাদের কারিকুলাম

### বাংলা মিডিয়াম :

কুরআনুল কারীম হিফযের পাশাপাশি দেশের বহুল প্রচলিত সর্বজন সমাদৃত নূরানী পদ্ধতি ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড কর্তৃক নির্ধারিত সিলেবাস এবং দেশের প্রথিতযশা ইসলামিক স্কলারদের পরামর্শের আলোকে প্রণীত ও হিফয-জেনারেল শিক্ষার এক অভূতপূর্ব সমন্বয়ে সম্পূর্ণ ব্যতিক্রমধর্মী নিজস্ব কারিকুলামে পরিচালিত হচ্ছে বাংলা মিডিয়াম।

### ইংলিশ ভার্সন :

কুরআনুল কারীম হিফ্যের পাশাপাশি আন্তর্জাতিক- ভাবে স্বীকৃত ব্রিটিশ কারিকুলামের আলোকে বাছাইকৃত মৌলিক সাবজেক্টসমূহ তথা ইংলিশ, ম্যাথমেটিক্স, আইসিটি, জেনারেল সাইন্স ও আরবি শিক্ষার বিজ্ঞানসম্মত সর্বজনবিদিত নূরানী পদ্ধতি এবং দেশের খ্যাতনামা শিক্ষাবিদদের সার্বক্ষণিক পরামর্শের আলোকে প্রণীত ও হিফয-জেনারেল শিক্ষার এক যুগান্তকারী সমন্বয়ে সম্পূর্ণ নিজস্ব আধুনিক কারিকুলামে পরিচালিত হচ্ছে ইংলিশ ভার্সন।

## পাঠ্যবই ও সিলেবাস

- বছরের শুরুতেই শিক্ষার্থীদের হাতে বই, সিলেবাসসহ শিক্ষা উপকরণ সরবরাহ করা;
- **কঠোরতা ও প্রহারের পরিবর্তে আদর-সোহাগ, মায়া-মমতা ও উৎসাহ উদ্দীপনার মাধ্যমে পাঠদান;**
- প্রতিদিনের পড়া ক্লাশেই শিখিয়ে দেয়ার সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ;
- সাবলিল উপস্থাপনা ও মাধুর্য আচরণের মাধ্যমে ক্লাসকে প্রাণবন্তকরণ;

## পরীক্ষা পদ্ধতি

- বছরে ৩টি সেমিস্টার পরীক্ষা অনুষ্ঠিত হবে;
- **হিফজ বিভাগঃ** বছরে ২টি কুরআন-তাজবীদ পরীক্ষা অনুষ্ঠিত হবে;
- প্রতিটি সেমিস্টারের পূর্বে ১টি করে মডেল টেস্ট অনুষ্ঠিত হবে;
- মডেল টেস্টের পূর্বে বেশ কিছু ক্লাস টেস্ট অনুষ্ঠিত হবে;
- সেমিস্টার পরীক্ষা চলাকালীন কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকলে, পরবর্তীতে ঐ বিষয়ে আর কোন ধরণের পরীক্ষা নেয়া হবে না;
- **গ্রেডিং পদ্ধতিতে সেমিস্টার পরীক্ষার ফলাফল প্রকাশ;**

## ছুটি সংক্রান্ত

- অনুমতি সাপেক্ষে প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ১০ দিন ছুটি কাটাতে পারবে (প্রাতিষ্ঠানিক বন্ধ ব্যতিত);
- ছুটির জন্য প্রাতিষ্ঠানিক নির্ধারিত ফরমে প্রিন্সিপাল বরাবর দরখাস্ত জমা দিতে হবে;
- দরখাস্ত প্রদান করে অনুমোদিত ১০ দিন ছুটির পর অতিরিক্ত ছুটি কাটালে, দরখাস্ত প্রদান স্বাপেক্ষে এরপর প্রতি ০৪ দিনে ১ নাম্বার কর্তন করা হবে;
- ছুটি বিহীন কোন শিক্ষার্থী ক্লাসে অনুপস্থিত থাকলে প্রতি ০১ দিনে ১ নাম্বার করে কর্তন করা হবে;
- মাদ্রাসা টাইমের পর ক্লাসে আগমন করলে (লেট কামার) হিসেবে গণ্য হবে;
- প্রতি সেমিস্টারে প্রথম ৫দিন লেট কামার হলে ২ নাম্বার কর্তন করা হবে;
- ৫দিন পর প্রতি ৩দিনে ১নাম্বার করে কর্তন করা হবে;
- সামান্য অজুহাতে/অযথা ছোট খাটো কারণে কোন ধরনের ছুটি কাটানো যাবে না;
- ঘুম/বৃষ্টি/অনুষ্ঠান/দাওয়াত/ছোটখাটো সমস্যা/ হালকা অসুস্থতা এসবের জন্য কোন ছুটি প্রদান করা হবে না;
- ছুটিতে যাওয়ার সময় প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বশীল শিক্ষকের সাথে দেখা করতে হবে;

## দরখাস্ত সংক্রান্ত

- ছুটি বিহীন কোন শিক্ষার্থী ক্লাসে অনুপস্থিত থাকতে পারবে না। যদি ছুটি বিহীন ক্লাসে অনুপস্থিত থাকে, তাহলে তার দরখাস্ত গ্রহণ করা হবে না;
- যদি অসুস্থতা বা অন্য কোন কারণে কোন শিক্ষার্থী ক্লাসে উপস্থিত না হতে পারে, তাহলে অবশ্যই ঐ দিনের মধ্যেই ক্লাস টিচারকে শিক্ষার্থী অনুপস্থিত থাকার প্রকৃত কারণ জানাতে হবে। না জানালে ঐ দিনের ছুটির দরখাস্ত গ্রহণ করা হবে না;
- যদি কারো অগ্রিম ছুটির প্রয়োজন হয়, তাহলে ক্লাস টিচারের কাছ থেকে অনুমতি সাপেক্ষে সর্বোচ্চ ২দিন ছুটি নিতে পারবেন। এর বেশি দরকার হলে প্রিন্সিপাল এর কাছ থেকে ছুটি নিতে হবে। তাহলেই কেবল দরখাস্ত গ্রহণ করা হবে। অন্যথায়, নিজে নিজে ছুটি কাটিয়ে এসে দরখাস্ত দিলে অথবা কম দিনের ছুটি নিয়ে বেশি দিন ছুটি কাটালে সেই দরখাস্ত গ্রহণ করা হবে না। এককথায়, কোন শিক্ষার্থী কোন কারণে ছুটি কাটালে অথবা ছুটির প্রয়োজন হলে সবকিছুই যথাসময়ে ক্লাস টিচারকে সাথে সাথে জানাতে হবে। না জানালে কোন ধরনের দরখাস্ত গ্রহণ করা হবে না;

## অভিভাবকদের জ্ঞাতব্য

- প্রত্যেক শিক্ষার্থীকে যথাসময়ে মাদ্রাসায় উপস্থিত করাবেন;
- নিয়মিত ডায়েরী ও খাতায় স্বাক্ষর করবেন, অন্যথায় আপনার অসচেতনতার কারণে আপনার সন্তানের নাম্বার কর্তন করা হবে;
- ছুটি হওয়ার সাথে সাথে বাসায় নেয়ার ব্যবস্থা করবেন;
- প্রতিষ্ঠানের ব্যাপারে কোন ধরনের পরামর্শ কিংবা অভিযোগ থাকলে সরাসরি প্রতিষ্ঠান দায়িত্বশীলকে জানাবেন;
- প্রতিষ্ঠান/শিক্ষকদের ব্যাপারে অহেতুক অযথা অনর্থক সমালোচনা করে নিজের ব্যক্তিত্বকে ছোট করবেন না;
- প্রতিষ্ঠানের কোন নিয়ম-কানুন অমান্য করলে প্রাতিষ্ঠানিক সিদ্ধান্ত মেনে নেয়ার মন-মানসিকতা রাখতে হবে;
- অভিভাবকগণ শালীন ও পরিষ্কার-পরিচ্ছন্ন পোশাক পরিধান করে মাদ্রাসায় আগমন করবেন;
- মহিলা অভিভাবকগণ অবশ্যই পর্দাসহ তথা বোরখা-হিজাব পরিধান করে মাদ্রাসায় আগমন করবেন;
- মাদ্রাসায় প্রবেশের পর সর্বোচ্চ শালীনতা বজায় রাখবেন। অন্যের কষ্টের কারণ হয় এমন কোন আচরণ করবেন না;
- নির্দিষ্ট সময় ব্যতিত মাদ্রাসায় অবস্থান কিংবা বসে থাকার চিন্তা পরিহার করবেন;
- মাদ্রাসায় বসে থেকে অযথা, অনর্থক ও অহেতুক গল্প করে নিজের মূল্যবান সময় নষ্ট করবেন না;

## আবাসিক ছাত্রদের ক্ষেত্রে

### প্রতিষ্ঠান সরবরাহ করবে

থাকা-খাওয়া, টিফিন, স্পেশাল ডাবল ডেকার খাট , লকার/বক্স, তোষক, বালিশ, কাপড় ধোয়া, কাপড় আয়রন করা, বিছানা গোছানো ও মশারি টানিয়ে দেওয়া, কোচিং, প্রাথমিক চিকিৎসা, বিনোদন, পরিচর্যা, শৃঙ্খলা, নিরাপত্তা নাইট ভিশন ভয়েস কন্ট্রোল সিসিটিভি ধারা নিয়ন্ত্রণ, সেন্ট্রাল গিজার এর মাধ্যমে গরম পানি সরবরাহ। বিশুদ্ধ খাবার পানি, সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ, যোগাযোগের জন্য স্বতন্ত্র মোবাইলের ব্যবস্থা।

### অভিভাবক সরবরাহ করবে

২ সেট মাদ্রাসা নির্ধারিত ড্রেস, স্বাভাবিক ব্যবহার্য জুব্বা/ পাঞ্জাবি, পায়জামা, হাতাওয়ালা গেঞ্জি, সর্বোচ্চ তিন সেট, টুপি (সাদা কালার) সর্বোচ্চ ২টি, গামছা, বেড কভার, বালিশের কভার, লেপ/কম্বল, কাঁথা, সিঙ্গেল মশারি, মাদ্রাসা ব্যাগ, তালা চাবি, মেসওয়াক/টুথব্রাশ, পেস্ট, তেল, সাবান, লোশন, মগ/মামপট, ক্লিপবোর্ড, মাদ্রাসা ব্যাগ।

## আবাসিক অভিভাবকদের করনীয় ও বর্জনীয়

- ✓ নির্ধারিত সময় ছাড়া ফোনে কথা বলার অনুরোধ করা যাবে না;
- ✓ ইমারজেন্সি না হলে সপ্তাহে একবারের বেশি কথা বলা যাবে না;
- ✓ মাসে দুইবারের বেশি এবং ক্লাসের সময় দেখা করার চেষ্টা করা যাবে না;
- ✓ বাচ্চাদের জন্যে কোন ধরনের ফাস্টফুড, রান্না করা খাবার, অতিরিক্ত খাবার দেয়া যাবে না;
- ✓ প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাহিরে নিয়ে খাওয়ানো যেতে পারে। তবে ক্যাম্পাসে কোনভাবেই অন্য বাচ্চাদের সামনে নিজের সন্তানকে খাওয়ানো যাবে না;
- ✓ পোশাকের ক্ষেত্রে প্যান্ট, শার্ট, সেন্টো গেঞ্জি, শার্ট কলার গেঞ্জি, অতিরিক্ত পোশাক আশাক, স্মার্ট ঘড়ি, কোন ধরনের ডিভাইস, অরুচিকর পোশাক পরিচ্ছদ বাচ্চাদেরকে প্রদান করা যাবে না;

## আমল-আখলাক সংক্রান্ত

- ✓ সকালে ও রাতের ক্লাসে উপস্থিতির জন্য-৮০ নাম্বার;
- ✓ ডায়েরী ও খাতায় অভিভাবকের স্বাক্ষরের জন্য-১০ নাম্বার;
- ✓ ড্রেস পরিধান, পরিচ্ছন্নতা ও আচার-ব্যবহারের জন্য-১০ নাম্বার;

## উপস্থিতি সংক্রান্ত

- নিয়মিত যথাসময়ে সকাল ও সন্ধ্যা মাদ্রাসায় উপস্থিত হতে হবে;
- ছুটি বিহীন কোন শিক্ষার্থী ক্লাশে অনুপস্থিত থাকতে পারবে না;
- প্রতিনিয়ত ক্লাসে প্রতিষ্ঠানের নির্ধারিত পোশাক পরিধান করে আসতে হবে;
- ক্লাস শুরুর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে মাদ্রাসায় উপস্থিত থাকতে হবে;
- ক্লাস শেষ হওয়ার আগে ছুটি বিহীন প্রতিষ্ঠান ত্যাগ করা যাবে না;

## ভর্তির নিয়মাবলী

[ভর্তি কার্যক্রম ও ফরম বিতরণ ০১ নভেম্বর থেকে শুরু]

- চতুর্থ শ্রেণি থেকে ভর্তি পরীক্ষা নেওয়া হবে।

### ভর্তি পরীক্ষার ধরণঃ

- লিখিত ও মৌখিক

| বিষয় | নম্বর |
|---|---|
| কুরআন ও হাদীস | ১০ |
| আরবী | ১৫ |
| ইংরেজী | ১৫ |
| বাংলা | ১০ |
| গণিত | ১০ |
| সাধারণ জ্ঞান | ১০ |
| মৌখিক | ১০ |
| কুরআন তেলাওয়াত হিফয | ২০ |
| মোট | ১০০ |

## ভর্তি প্রক্রিয়া

- অফিস থেকে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে;
- জন্ম নিবন্ধন/NID অনুযায়ী সঠিক ও নির্ভুল তথ্যের মাধ্যমে ফরম পূরণ করতে হবে;
- আবেদন ফরমের সাথে শিক্ষার্থী, বাবা, মা ও গার্ডিয়ানের পাসপোর্ট সাইজের ১ কপি করে ছবি জমা দিতে হবে;

| বাংলা মিডিয়াম | | ইংলিশ ভার্সন | |
|---|---|---|---|
| ফরম ফি | ৩০০ | ফরম ফি | ৩০০ |
| ভর্তি + সেশন ফি (নতুন) | ৩০,০০০ | ভর্তি + সেশন ফি (নতুন) | ৪০,০০০ |
| সেশন ফি (পুরাতন) | ১৫,০০০ | সেশন ফি (পুরাতন) | ২০,০০০ |
| সংস্থাপন ফি (আবাসিক) | ৫,০০০ | সংস্থাপন ফি (আবাসিক) | ৫,০০০ |

## মাসিক বেতন:

চলিত মাসের ১০ তারিখের মধ্যে অবশ্যই মাসিক বেতন পরিশোধ করতে হবে।
কোন ভাবেই মাসিক বেতন বকেয়া রাখা যাবে না।

| বাংলা মিডিয়াম | | ইংলিশ ভার্সন | |
|---|---|---|---|
| মক্তব | ২,০০০ | মক্তব | ২,০০০ |
| প্রি-প্লে-নার্সারী | ৩,০০০ | প্রি-প্লে-নার্সারী | ৫,০০০ |
| ১ম শ্রেণি-২য় শ্রেণি | ৪,০০০ | ১ম শ্রেণি-২য় শ্রেণি | ৬,০০০ |
| ৩য় শ্রেণি- ৫ম শ্রেণি | ৫,০০০ | ৩য় শ্রেণি- ৫ম শ্রেণি | ৭,০০০ |
| জেনারেল | ৩,০০০ | জেনারেল | ৫,০০০ |
| আবাসিক সার্ভিস চার্জ | ৪,০০০ | আবাসিক সার্ভিস চার্জ | ৪,০০০ |
| খাবার, নাস্তা ফি | ৪,০০০ | খাবার, নাস্তা ফি | ৪,০০০ |

## খাবার তালিকা

| দিন | বাদ ফজর | সকালের নাস্তা | সকালের টিফিন | দুপুরের খাবার | বিকালের টিফিন | রাতের খাবার |
|---|---|---|---|---|---|---|
| শনিবার | ড্রাই কেক/বিস্কুট | ডিম, আলু ভাজি, ডাল ও ভাত | বাটার বান | বড় মাছ, ডাল ও ভাত | প্রিমিয়াম রুটি | মুরগীর গোস্ত, সবজি ডাল ও ভাত |
| রবিবার | ড্রাই কেক/বিস্কুট | রুটি/পরাটা হালুয়া/ভাজি | রুটি, কলা | বিরিয়ানী/ পোলাও রোস্ট | ডালপুরি | ডিম/সবজি, ডাল ও ভাত |
| সোমবার | ড্রাই কেক/বিস্কুট | চিকেন অথবা সবজি খিচুড়ি | সমুচা/সিঙ্গারা | ডিম, শাক, ডাল ও ভাত | মৌসুমি ফল | মুরগীর গোস্তের মুগ ডাল ও ভাত |
| মঙ্গলবার | ড্রাই কেক/বিস্কুট | শাক/ডিম, ডাল ও ভাত | প্রিমিয়াম রুটি | গরুর কলিজা/মুরগি ভূনা, ডাল ও ভাত | সেমাই/পিয়াজু | ডিম/সবজি, ডাল ও ভাত |
| বুধবার | ড্রাই কেক/বিস্কুট | রুটি/পরাটা, ভাজি | ড্রাই কেক/বিস্কুট | ডিম, শাক, ডাল ও ভাত | ড্রাই কেক/বিস্কুট | বড় মাছ, ডাল ও ভাত |
| বৃহঃবার | ড্রাই কেক/বিস্কুট | ডিম, আলু ভর্তা, ডাল ও ভাত | মৌসুমি ফল | মাছ, সবজি, ডাল ও ভাত | ছোলা মুড়ি/পিঠা | সবজি, ডাল ও ভাত |
| শুক্রবার | ড্রাই কেক/বিস্কুট | ভূনা খিচুড়ি | সমুচা/সিঙ্গারা | গরুর গোস্ত ও ভাত/তেহারি | টিক্কা পিয়াজু | সবজি, ডাল ও ভাত |

# হিফয বিভাগের দৈনন্দিন রুটিন (অনাবাসিক)

| প্রহর | সময় | কার্যাবলী |
|---|---|---|
| ভোর | ৪:৪৫-৫:০০ | ফজরের নামাজ আদায় (বাসায়) |
| | ৫:০০-৬:০০ | হালকা নাস্তা ও মাদ্রসায় আসার প্রস্তুতি |
| | ৬:০১-৬:১০ | ক্লাসে প্রবেশ |
| | ৬:১৫-৭:৩০ | কুরআন ক্লাস |
| | ৭:৩০-৮:০০ | ইশরাকের নামাজ ও সকালের নাস্তা |
| সকাল | ৮:০১-৯:০০ | কুরআন তেলাওয়াত |
| | ৯:০১-১১:০০ | সকালের বিশ্রাম |
| | ১১:০১-১১:১০ | অযু ও হালকা নাস্তা |
| | ১১:১১-১১:৪৫ | জেনারেল ক্লাস |
| | ১১:৫০-১:০৫ | জোহরের নামাজ আদায় |
| দুপুর | ১:০৬-২:২৫ | গোসল ও দুপুরের খাবার (বাসায়) |
| | ২:৩০-৪:১০ | কুরআন ক্লাস (আমুখতা+ পিছনের পড়া তেলাওয়াত) |
| বিকাল | ৪:১১-৪:৪০ | সবকের নাযারা শিখা ও শিক্ষকদের শুনাবে |
| | ৪:৪১-৫:০০ | তেলাওয়াতের মাশকের ক্লাস |
| | ৫:০১-৬:০০ | আছরের নামাজ, খেলাধুলা, হালকা নাস্তা |
| সন্ধ্যা | ৬:০০-৬:২০ | মনিটরের মাধ্যমে তেলাওয়াত মশক করানো |
| | ৬:২১-৬:৫০ | মাগরিবের নামাজ ও আমল |
| | ৬:৫১-৮:৪৫ | কুরআন ক্লাস (সবক শিখা) |
| রাত | ৮:৪৬-৯:০০ | তাজবীদের ক্লাস |
| | ৯:০১-৯:১৫ | এশার নামাজ |
| | ৯:১৫-০০:০০ | রাতের ছুটি |
| | ১০:১৫-৪:৪৫ | রাতের ঘুম (বাসায়) |

**বিঃ দ্রঃ** ঋতু ও সময় পরিবর্তনের সাথে সাথে সময়সূচীর পরিবর্তন হতে পারে। যথা সময়ে মাদ্রাসায় এসে ক্লাসে উপস্থিত হতে না পারলে লেটকামার হিসেবে বিবেচিত হবে পাশাপাশি আমল-আখলাকের নাম্বার কর্তন করা হবে।